গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
sadar.lakshmipur.gov.bd

স্মারক নং- ০৫.৪২.৫১৪৩.০৫৫.১০.০০৩.২২-১৪৯৮ তারিখ- ২১.০৯.২০২২ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

লক্ষ্মীপুর জেলাধীন লক্ষ্মীপুর সদর উপজেলায় নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহে সরাসরি দফাদার ও মহল্লাদার এর শূন্য পদে নিয়োগের নিমিত্ত নিম্নলিখিত শর্তসাপেক্ষে যোগ্য প্রার্থীগণের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	পদের নাম: দফাদার		পদের নাম : মহল্লাদার		মন্তব্য
		শূন্য পদের সংখ্যা	ওয়ার্ড নম্বর	শূন্য পদের সংখ্যা	ওয়ার্ড নম্বর	
১.	উত্তর হামছাদী	০১	সমগ্র ইউনিয়ন	০৩	০২,০৪,০৯	
২.	দক্ষিণ হামছাদী	০১	সমগ্র ইউনিয়ন	--	--	
৩.	চররুহিতা	--	--	০১	০৯	
৪.	পার্বতীনগর	--	--	০১	০৫	
৫.	বাঙ্গাখা	--	--	০১	০২	
৬.	বশিকপুর	০১	সমগ্র ইউনিয়ন	০২	০২,০৮	
৭.	দত্তপাড়া	--	--	০২	০৮,০৯	
৮.	চন্দ্রগঞ্জ	--	--	০১	০৬	
৯.	হাজিরপাড়া	--	--	০১	০৮	
১০.	চরশাহী	--	--	০৩	০৪,০৭,০৯	
১১.	শাকচর	০১	সমগ্র ইউনিয়ন	--	--	
১২.	তেওয়ারীগঞ্জ	--	--	০১	০৫	
১৩.	টুমচর	--	--	০৩	০১,০৫,০৯	

নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতা

পদের নাম	সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা	শারীরিক যোগ্যতা	বেতনক্রম ও প্রচলিত ভাতাদি
দফাদার	৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য (মুক্তিযোদ্ধা প্রমাণের বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী)	পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	পদোন্নতির ক্ষেত্রে: মহল্লাদার পদে অন্যূন ০৭ (সাত) বছরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	**পুরুষ প্রার্থীর ক্ষেত্রে:** সর্বনিম্ন উচ্চতা : ০৫ ফুট ০২ ইঞ্চি, বুকের মাপ : ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন-৫০ কেজি **মহিলা প্রার্থীদের ক্ষেত্রেঃ** সর্বনিম্ন উচ্চতা- ৫ফুট। বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।	দফাদার পদে স্থানীয় সরকার বিভাগের ০৪/১১/২০১৮ তারিখের ৪৬.০১৮.০০২.০০.০০.০৪ ০.২০১৫.৫৯৫ নং স্মারকমূলে জারীকৃত পত্রানুসারে সরকারি অংশ: ৩,৫০০ ইউপি অংশ: ৩,৫০০ মোট: ৭,০০০ এবং সরকার দেয় অন্যান্য ভাতাদি এবং পোষাক-পরিচ্ছদ ও সরঞ্জামাদি
মহল্লাদার	৩০ বছর, তবে বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য (বীর মুক্তিযোদ্ধা প্রমাণের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ জারী কৃত প্রজ্ঞাপন অনুযায়ী)	সরাসরি নিয়োগের মাধ্যমে	সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ অষ্টম শ্রেণি বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	**পুরুষ প্রার্থীদের ক্ষেত্রেঃ** সর্বনিম্ন উচ্চতা :৫ ফুট ২ ইঞ্চি। বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি। **মহিলা প্রার্থীদের ক্ষেত্রেঃ** সর্বনিম্ন উচ্চতা- ৫ফুট। বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।	দফাদার পদে স্থানীয় সরকার বিভাগের ০৪/১১/২০১৮ তারিখের ৪৬.০১৮.০০২.০০.০০.০৪ ০.২০১৫.৫৯৫ নং স্মারকমূলে জারীকৃত পত্রানুসারে সরকারি অংশ: ৩,২৫০ ইউপি অংশ: ৩,২৫০ মোট: ৬,৫০০ এবং সরকার দেয় অন্যান্য ভাতাদি এবং পোষাক-পরিচ্ছদ ও সরঞ্জামাদি

নিয়োগের শর্তাবলী

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং লক্ষ্মীপুর সদর উপজেলার বর্ণিত সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকার দেওয়া হবে।

২. আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর এর বরাবর আবেদন দাখিল করতে হবে। আবেদনপত্র আগামী ১৫/১০/২০২২খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে। ধার্য তারিখের পরে জমাকৃত আবেদন বাতিল বলে গণ্য হবে।

৩. আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, ইউনিয়নের নাম, ওয়ার্ড নম্বর, ধর্ম, জন্ম তারিখ, বয়স (২১/০৯/২০২২ তারিখে), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) ও বিশেষ কোটার প্রার্থী হলে তা আবেদনপত্রে উল্লেখ করতে হবে।

৪. আবেদনকারীকে সৎ, কর্মঠ ও পরিশ্রমী হতে হবে। তার বিরুদ্ধে কোন ফৌজদারী মামলা বা দেওয়ানী মামলা থাকতে পারবে না। চাকুরী পাওয়ার পর মামলা সংক্রান্ত কোন সংশ্লিষ্টতা পাওয়া গেলে চাকুরী থেকে বরখাস্ত করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫. সরকারী বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে। প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান হলে সে ক্ষেত্রে তাকে তার পিতা /মাতার বা পোষ্যর অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

৬. সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর এর অনুকূলে আবেদনকারীকে ৫০০/(পাঁচশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার সংযুক্ত করতে হবে।

৭. আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ,শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সমূহের অনুলিপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।

৮. প্রার্থীর বয়সের ক্ষেত্রে জন্ম সনদ, জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সনদের বয়স একই হতে হবে। এ বিষয়ে মিথ্যা প্রমাণ হলে আবেদনপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯. প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। আবেদনকারীর বয়স ২১/০৯/২০২২ খ্রি. তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধার সন্তান এর ক্ষেত্রে বয়স ৩২(বত্রিশ) বছর শিথিলযোগ্য।

১০. আবেদনপত্রের উপর কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য নয়।

১১. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সকল মূল সনদ সংগে আনতে হবে।

১২. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল গণ্য হবে।

১৩. নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

১৪. প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- (দশ) টাকার ডাক টিকিটযুক্ত ৮.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরৎ খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর কোটার নাম লিখতে হবে।

১৫. খামের উপর মোটা অক্ষরে পদের নাম , ইউনিয়নের নাম এবং ওয়ার্ড নম্বর লিখতে হবে।

১৬. তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসা মাত্রই কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করা হবে।

১৭. আবেদনকারী যোগ্য বিবেচিত হওয়ার জন্য বা চাকুরী পাওয়ার জন্য অবৈধ লেনদেনেন জড়িত হলে প্রার্থী অযোগ্য বিবেচিত হবেন।

১৮. দফাদার/মহল্লাদার পদে প্রার্থীর প্রয়োজনীয় তথ্যাদি (বাংলাদেশ গেজেট, অতিরিক্ত ৬ মে, ২০১৫ তারিখে প্রকাশিত) তফসিল-৩ [বিধি ৮(২) দ্রষ্টব্য] প্রদত্ত ফরম পূরণ পূর্বক আবেদনপত্রে সংযোজন বাধ্যতামূলক

১৯. আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।

২১/০৯/২২

(মো. ইমরান হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
ফোন: +৮৮০২৩৩৪৪৪১০০৪
ইমেইল: unolaxmipur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪২.৫১৪৩.০৫৫.১০.০০৩.২২-১৪৯৭

তারিখ- ২১.০৯.২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
০১। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
০২। উপপরিচালক,স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

০২। অফিসার ইনচার্জ, সদর মডেল থানা/চন্দ্রগঞ্জ থানা, লক্ষ্মীপুর।

০৩। উপজেলা প্রকৌশলী, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

০৪। উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

০৫। উপজেলা.....................অফিসার, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

০৬। চেয়ারম্যান,..................ইউপি (সংশ্লিষ্ট সকল) লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর। তাঁকে তাঁর ইউনিয়ন পরিষদে নোটিশ বোর্ডে/ইউনিয়নস্থ হাট-বাজার ও গুরুত্বপূর্ণ স্থানে বিজ্ঞপ্তিটি লটকানোসহ সকল ইউপি সদস্যের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। .

২১/০৭/২২

(মো. ইমরান হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
ফোন: +৮৮০২৩৩৪৪৪১০০৪
ইমেইল: unolaxmipur@mopa.gov.bd